## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা ঢাকা-১০০০
(সংস্থাপন বিভাগ)
www.badc.gov.bd


### জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব মোঃ নাসিরুজ্জামান (অতিরিক্ত সচিব), চেয়ারম্যান,বিএডিসি, ঢাকা। ।
তারিখ ও সময় : ০৩ ডিসেম্বর ২০১৭; সকাল ১১.৩০ ঘটিকা।
স্থান : সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (সংস্থাপন) বিগত ০৫ সেপ্টেম্বর ২০১৬ এবং ২১ নভেম্বর ২০১৬ তারিখের যথাক্রমে জাতীয় শুদ্ধাচার কৌশল সম্পর্কিত নৈতিকতা সভা ও অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণীর দৃঢ়ীকরণ করার জন্য উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীসমূহে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে নিয়োক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটি ও সুফলভোগীদের সভা | | |
| ১.১ | মাঠপর্যায়ের সকল স্তরে/দপ্তরের জন্য Stakeholder সুনির্দিষ্টভাবে চিহ্নিতকরণপূর্বক তাদের সাথে আগামী ফেব্রুয়ারি, ২০১৭ ও মে, ২০১৭ মাসে ০২ টি সভা আহ্বানের কর্মপরিকল্পনা প্রস্তুত করে সংশ্লিষ্ট সকল বিভাগ কর্তৃক মাঠ পর্যায়ের সকল অফিস/দপ্তরসমূহে আগামী ২০ জানুয়ারি ২০১৭ তারিখের মধ্যে জানিয়ে দেয়া এবং কর্মপরিকল্পনার অনুলিপি নৈতিকতা কমিটির সদস্য সচিব হিসেবে সচিব, বিএডিসি'কে প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। | সকল বিভাগ মাঠপর্যায়ের সকল দপ্তরের Stakeholder'দের সাথে ২ (দুই) টি সভা আয়োজন করে অগ্রগতির তথ্য নৈতিকতা কমিটির সদস্য সচিব হিসেবে সচিব, বিএডিসি'কে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ বিভাগ/ দপ্তর/ প্রকল্প প্রধান |
| ২. | সচেতনতা বৃদ্ধি: | | |
| ২.১ | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাঠ পর্যায়ে ও সদর দপ্তরের সকল কর্মকর্তাদের সাথে বছরে দুইটি সভা আয়োজন করা এবং সংশ্লিষ্ট সকল বিভাগ মাঠ পর্যায়ের অফিসসমূহে উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধির লক্ষে মাঠ পর্যায়ে ও সদর দপ্তরের সকল কর্মকর্তাদের সাথে বছরে দুইটি সভা আয়োজন করতে হবে। সংশ্লিষ্ট সকল বিভাগ মাঠ পর্যায়ের অফিসসমূহে উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের ফলাফল আগামী সভায় উপস্থাপন করতে হবে। | সংশ্লিষ্ট উইং/ বিভাগ/ দপ্তর/ প্রকল্প প্রধান |
| ৩. | দক্ষতা বৃদ্ধি | | |
| ৩.১ | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নে প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিহার্য। পূর্বোক্ত নৈতিকতা কমিটির সভা'র সিদ্ধান্তের আলোকে খসড়া প্রশিক্ষণ মডিউল সংশ্লিষ্ট সকল বিভাগে প্রেরণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) বাস্তবায়নের নিমিত্ত প্রশিক্ষণের খসড়া মডিউল তৈরি করে সংশ্লিষ্ট সকল বিভাগে প্রেরণ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ |
| ৪. | আইন/বিধি/অর্ডিন্যান্স সংস্কার/প্রণয়ন | | |
| ৪.১ | সংস্থার প্রবিধানমালা সংশোধনী প্রস্তাব চূড়ান্ত করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ, সেচ সংক্রান্ত Ground Water Management Ordinance'টি হালনাগাদ পূর্বক আইনে রুপান্তরের নিমিত্ত খসড়া ইতোমধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রস্তাবগুলো দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় জোর দেয়া হয়। | বিএডিসি'র খসড়া প্রবিধাণমালা, আইনগুলো দ্রুত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|
| ৫. | কর্মকর্তাদের প্রণোদনা | | |
| ৫.১ | মাঠ পর্যায়ে Stakeholder ও শুদ্ধাচার এর বিষয়ে পুরস্কার প্রদানের ক্ষেত্রে চেয়ারম্যান, বিএডিসি গুরুত্বারোপ করেন। | মূল্যায়ন ও পুরস্কার উপকমিটি'র আহবায়ক মহাব্যবস্থাপক (বীজ) মাঠ পর্যায়ে Stakeholder ও শুদ্ধাচার এর বিষয়ে পুরস্কার প্রদানের বিষয়ে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চেয়ারম্যান, বিএডিসিকে অবহিত করবেন। | মহাব্যবস্থাপক (বীজ) |
| ৫.২ | দপ্তর সংস্থায় ইন্টারনেট সুবিধা প্রদানের নিমিত্ত প্রয়োজনীয়তার ভিত্তিতে সদর দপ্তরে ব্যবহৃত সকল কম্পিউটারে ইন্টারনেট সংযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা এবং উর্দ্ধতন কর্মকর্তাদের ব্যবহৃত কম্পিউটারে নিরবিচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সদর দপ্তরের সকল বিভাগে ইন্টারনেট সুবিধা প্রদান ও রাউটার স্থাপনের লক্ষে বাজেটে টাকা বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মনিটরিং বিভাগ/ আইসিটি সেল |
| ৬. | ই-গর্ভনেন্স | | |
| ৬.১ | প্রকল্পের বরাদ্দকৃত প্রশিক্ষণ খাত হতে ই-টেন্ডারিং বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গরহণ এবং সকল বিভাগ/দপ্তরকে বর্তমান অর্থ বছরে কমপক্ষে একটি ক্রয় কার্য ই-টেন্ডারিংয়ের মাধ্যমে সম্পাদন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | প্রকল্পের বরাদ্দকৃত প্রশিক্ষণ খাত হতে ই-টেন্ডারিং বিষয়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রকল্প পরিচালকদের CPTU এর মাধ্যমে E-GP প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে। | মনিটরিং বিভাগ |
| ৭. | অভ্যন্তরীণ নিরীক্ষা | | |
| ৭.১ | TOR (Terms of Reference) উল্লেখ করে নিরীক্ষা টিম গঠন করে আদেশ জারি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | TOR (Terms of Reference) উল্লেখ করে নিরীক্ষা টিম গঠন করে আদেশ জারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অডিট বিভাগ |
| ৮. | বাজেট প্রণয়ন সংক্রান্ত | | |
| ৮.১ | শুদ্ধাচার সংশ্লিষ্ট খাতে বাজেটের ব্যবস্থা/সংস্থান রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | শুদ্ধাচার সংশ্লিষ্ট খাতে বাজেটের ব্যবস্থা/সংস্থান রাখতে হবে। | অর্থ বিভাগ |
| ৯. | PMIS হালনাগাদকরণ | | |
| ৯.১ | হিসাব বিভাগের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে SOFTWARE প্রণয়ন করার মাধ্যমে PMIS হালানাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | কেন্দ্রীয়ভাবে SOFTWARE এর মাধ্যমে PIMS হালনাগাদ করার কার্যক্রম ২ (দুই) সপ্তাহের মধ্যে সম্পন্ন করতে হবে। | হিসাব বিভাগ |
| ১০. | ভূমিকম্প/অগ্নি নির্বাপনে সচেতনতা বৃদ্ধি প্রসঙ্গে | | |
| ১০.১ | কৃষি ভবনে ফায়ার এলার্ম স্থাপন করা, ভবনে স্থাপিত জরুরি নির্গমণ (Exit) সংক্রান্ত স্টিকার সমূহের ভাষা বাংলা করে এবং স্টিকার সমূহের রং পুনর্নির্ধারণ করে যথাস্থানে পুনরায় লাগাতে/স্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | কৃষি ভবনে ফায়ার এলার্ম স্থাপন করতে হবে। ভবনে স্থাপিত জরুরি নির্গমণ (Exit) সংক্রান্ত স্টিকার সমূহের ভাষা বাংলা করে এবং স্টিকার সমূহের রং পুনর্নির্ধারণ করে যথাস্থানে পুনরায় লাগাতে/স্থাপন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্মাণ বিভাগ |
| ১১. | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা নূন্যতম ১৫০ জন করা, শুদ্ধাচার বিষয়ে ব্যাচ ওয়াইজ ০১ দিনের প্রশিক্ষণের আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রশিক্ষণ মডিউল তৈরি করে দ্রুত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নিয়োগ ও কল্যাণ বিভাগ |
| ১২. | বিএডিসি Ordinance, 1961 ও সেচ সংক্রান্ত Ground Water Management Ordinance'টি বাংলায় রুপান্তর করে খসড়া ইতোমধ্যে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করা হলেও যেসব আইন/ নীতিমালা / বিধি অপ্রয়োজনীয় সেগুলো চিহ্নিত করে প্রয়োজনে তা বাতিলের ব্যবস্থা গ্রহণ অথবা বাংলায় রুপান্তর করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিএডিসি'র যেসব আইন/নীতিমালা/বিধি অপ্রয়োজনীয় সেগুলো চিহ্নিত করতে হবে এবং প্রয়োজনে তা বাতিলের ব্যবস্থাগ্রহণ অথবা প্রয়োজনে তা বাংলায় রুপান্তর করতে হবে। | সংগঠন ও ব্যবস্থাপনা বিভাগ |
| ১৩. | শুদ্ধাচার পুরস্কার প্রদানের সংখ্যা বৃদ্ধি করে ০৮ জনে করা এবং বর্ণিত বিষয়ে পূর্ববর্তী সভার সিদ্ধান্ত মোতাবেক সংশ্লিষ্ট কমিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় একমত পোষণ করেন। | মূল্যায়ন ও পুরস্কার উপকমিটি'র আহবায়ক মহাব্যবস্থাপক (বীজ) মাঠ পর্যায়ে Stakeholder ও শুদ্ধাচার এর বিষয়ে পুরস্কার প্রদানের বিষয়ে আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে চেয়ারম্যান, | মহাব্যবস্থাপক (বীজ) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী বিভাগ/দপ্তর |
|---|---|---|---|
| ১৪. | সরকারের সিদ্ধান্ত মোতাবেক আগামী ২৮/০২/২০১৭ তারিখের মধ্যে সংস্থায় ই-ফাইলিং চালু করতে করতে হবে। সে মোতাবেক সীমিত পরিসরে ই-ফাইলিং চালু করা হয়েছে। সম্পূর্ণরূপে ই-ফাইলিং চালুর লক্ষে এ আরো বাজেট বরাদ্দের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিএডিসিতে ই-ফাইলিং চালুকরণের লক্ষ্যে সংস্থার আইসিটি সেলকে আরো গতিশীল ও শক্তিশালীকরণ করতে হবে এবং প্রয়োজনীয় অর্থ বরাদ্দ চেয়ে মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | মনিটরিং বিভাগ/ অর্থ বিভাগ |
| ১৫. | বিবিধ | | |
| ১৫.১ | কৃষি মন্ত্রণালয়ের ২৭ ডিসেম্বর ২০১৬ তারিখের ৬১১ সংখ্যক স্মারকের আলোকে বিভাগীয়/আঞ্চলিক কার্যালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়ের 'নৈতিকতা কমিটি' গঠন করার বিষয়ে নির্দেশনা পাওয়া গেছে। উক্ত কমিটিতে অফিস প্রধানকে আহবায়ক করে উপর্যুক্ত যে কোন গ্রেডের তিন থেকে পাঁচ জন কর্মকর্তা/কর্মচারিকে অন্তর্ভুক্ত করে 'নৈতিকতা কমিটি' গঠন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | নির্দেশনার আলোকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংস্থাপন বিভাগ |
| ১৫.২ | বিগত ১২ ডিসেম্বর ২০১৬ তারিখে অনুষ্ঠিত কৃষি মন্ত্রণালয়ের শুদ্ধাচার বিষয়ক কার্যবিবরণীর সিদ্ধান্তে জানা যায় যে, আগামী জানুয়ারি, ২০১৭ মাসে অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে বিএডিসি এবং কৃষি মন্ত্রণালয়ের মধ্যে একটি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | জানুয়ারি, ২০১৭ মাসে অডিট আপত্তি নিষ্পত্তি বিষয়ে বিএডিসি এবং কৃষি মন্ত্রণালয়ের মধ্যে একটি ভিডিও কনফারেন্স করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | অডিট বিভাগ/ জনাব মোঃ জান্নাতুল মিয়া, সহকারী প্রধান (মেনিটরিং) ও আহবায়ক, ভিডিও কনফারেন্স যন্ত্রপাতি সচলকরা কমিটি। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০/০১/১৭
(মোঃ নাসিরুজ্জামান)
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান, বিএডিসি, ঢাকা।
ফোন নম্বর: ৯৫৬৪৩২৮
email: chairman@badc.gov.bd

স্মারক নং ১২.২০৩.০০৬.০০.০০.২২৬৬.২০১৩-১৬৭৮-(৪৫)　　　　তারিখ: ১০ জানুয়ারি ২০১৭।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:**

১. ........................................................................................... বিএডিসি, ঢাকা
(সকল বিভাগীয়/ প্রকল্প প্রধান)

২. প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৪. সদস্য পরিচালক (অর্থ/ক্ষুদ্রসেচ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান)/সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

১০.০১.২০১৭
(স্বপন কুমার দাস)
যুগ্মসচিব (সংস্থাপন)
বিএডিসি, ঢাকা।